মেহেরপুরে দিন ব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্বোধন

বুধবার সকালে মেহেরপুর উপজেলা চত্বরে উদ্ভাবনের জয় উল্লাসে স্মার্ট বাংলাদেশ এই প্রতিপাদ্য সামনে রেখে ডিজিটাল মেলার শুভ উদ্বোধন ঘোষণা করা হয়।

মেহেরপুর উপজেলার নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) আব্দুল্লাহ আল বাকির সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন বাংলাদেশ জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলার জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মেহেরপুর সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল হাশেম এ সময় মেহেরপুর উপজেলা পর্যায়ে ডিজিটাল মেলায় বরাদ্দকৃত বিভিন্ন স্টলে স্কুল, কলেজ এর ছাত্র ছাত্রী এবং বিভিন্ন সরকারি অধিদপ্তর অংশগ্রহণ করে।

ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কে দুর্ঘটনায় নিহত ২

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার চাদপুর ও হরিণাকুন্ডু উপজেলার মথুরাপুরে পৃথক সড়ক দুর্ঘটনায় দুইজনের মৃত্যু হয়েছে। বুধবার (৯ নভেম্বর) সকাল ৭টার দিকে এ ঘটনা ঘটে।

নিহত জামাল মাহবুব (৪০) যশোর জেলার পুলের হাট এলাকার তাপসী ডাঙ্গা গ্রামের আতিয়ার রহমানের ছেলে এবং নিহত বাপ্পী শেখ (২২) ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার হাকিমপুর গ্রামের কুদ্দুস শেখের ছেলে।

স্থানীয়রা জানায়, জামালপুর জেলা থেকে জমি চাষ করার ট্রাক্টর কিনে

যশোরে যাচ্ছিল জামাল মাহবুব। এসময় ঝিনাইদহের শৈলকুপার দুধসরে পৌঁছালে সামনের দিক থেকে আসা একটি ট্রাকের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই মারা যায় জামাল মাহবুব। সেসময় আহত হন তার সঙ্গে থাকা আরেকজন।

অন্যদিকে সকালে বাড়ি থেকে নসিমনে করে পাশের একটি ইটের ভাটায় যাচ্ছিলেন বাপ্পী শেখ। এসময় মথুরাপুরে পৌঁছালে নসিমনটির নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ধাক্কা খায় সে। পরে তাকে উদ্ধার করে সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করে।

ঝিনাইদহ সদর হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক ডা. নাছির উদ্দিন বলেন, জামাল ও বাপ্পী হাসপাতালে আসার আগেই মারা গেছেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা বিষয়টি নিশ্চিত করে বলেন, ঘটনা দুটির ব্যপারে জেনেছি। তবে এখনো কেউ লিখিত অভিযোগ করেনি। অভিযোগ পেলে আইনি ব্যবস্থা নেওয়া হবে।


গাংনীর বামন্দীতে ২টি মিষ্টান্ন ভান্ডারকে ৭০ হাজার টাকা জরিমানা


অপরিচ্ছন্ন ও নোংরা দুর্গন্ধযুক্ত পরিবেশে মিষ্টি তৈরী ও ওজনে কম দেওয়ার অভিযোগে দুই হোটেল ব্যবসায়ীকে ৭০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ও র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সমন্বয়ে গঠিত ভ্রাম্যমান আদালত।


আজ বুধবার (৯ নভেম্বর) দুপুরের দিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারি পরিচালক সজল আহমেদ গাংনী উপজেলার বামন্দী বাজারে এ জরিমানা আদায় করেন।


এসময় র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) গাংনী ক্যাম্পের কমান্ডার মোঃ আবুল কালাম আজাদ, ও প্রসিকিউটর হিসেবে ছিলেন














ডিজিটাল উদ্ভাবনী মেলা উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।
অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক।

প্রধান অতিথির বক্তব্যে মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, এখন সরকারের সব সেবা ডিজিটাইলজড হয়ে গেছে। ডট গভ ডট বিডিতে প্রবেশ করলে সরকারের সব সেবাসহ হাজার হাজার লিংক পাবেন। বয়স্কভাতা, পেনশন, ছাত্র ছাত্রীদের ভর্তিসব কিছু এখন অনলাইনেই হয়ে থাকে। তিনি বলেন, তবে মনে রাখতে হবে, ডিজিটালাইজডের ভাল ও মন্দ দুটো দিকই রয়েছে। ডিজিটাল প্লাটফর্ম ব্যবহার করে অনলাইন জুয়ার মাধ্যমে এদেশ থেকে হাজার হাজার কোটি টাকা বিদেশ পাচার করেছে জুয়াড়িরা। এসব অনলাইন জুয়াড়ি ও মাদকের ব্যপারে জনপ্রতিনিধি ও জনগণকে সচেতন হতে হবে। তাদের সমাজ থেকে চিহিৃত করে পরিহার করতে হবে।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার আব্দুল্লাহ আলম মাসুম অনুষ্ঠানে সঞ্চালনা করেন। এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি আওয়ামীলীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতু, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাবেক সাংগাঠনিক সম্পাদক ও হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান মনি মাষ্টারসহ সরকারি অফিসের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে ব্যাডমিন্টন খেলতে খেলতেই মৃত্যুর কোলে ঢুলে পড়লো যুুবক

গাংনী উপজেলার করমদী গ্রামে ব্যাডমিন্টন কোর্টে খেলতে খেলতেই

মৃত্যুর কোলে ঢুলে পড়লো কলেজ ছাত্র গিয়ে তামিম রেজা (২০)।

তামিম করমদী গ্রামের পশ্চিম পাড়া এলাকার নাসির উদ্দীনের ছেলে ও স্থানীয় করমদি ডিগ্রী কলেজের একাদশ শ্রেনীর ছাত্র।
মঙ্গলবার (৮ নভেম্বর) দিবাগত রাত সাড়ে ৮টার দিকে করমদী গ্রামে জহরুল ইসলাম, আশিক, উবায়দা, শাকিবসহ অন্যান্যদের অন্যান্য বন্ধুদের সাথে ব্যাডমিন্টন খেলতে গিয়ে তামিমের মৃত্যু হয়।

স্থানীয়রা জানান, তামিম ব্যাডমিন্টন খেলার সময় অসুস্থ্য হয়ে কোর্টেই হঠাৎ লুটিয়ে পড়েন। তাকে উদ্ধার করে স্থানীয় সন্ধানী হাসপাতালে নিলে, কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

সন্ধানী হাসপাতালের মেডিকেল অফিসার নুরে আলম জানান, স্ট্রোক জনিত কারণে তামিমের মৃত্যু হয়েছে বলে মনে হচ্ছে।

মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্বাবধায়কের বাসাতে চুরি

এবার মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালের তত্বাবধায়কের বাসার তালা ভেঙ্গে চুরি সংঘটিত হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুর থেকে বিকেলের মধ্যে যে কোনো সময় এই চুরির ঘটনা ঘটেছে বলে মনে করছে পুলিশ বিভাগ।
সংঘবদ্ধ চোরের দল তত্বাবধায়ক ডা. জমির মোহাম্মদ হাসিবুস সাত্তারের সরকারি কোয়ার্টারের বাসার দরজার হুক তুলে ফেলে ঘরে ঢুকে নগদ ৫০ হাজার টাকা ও একটি মোবাইল ফোন নিয়ে গেছে। এসময় ডা.জমির মোহাম্মদ হাসিবুস সাত্তার খুলনাতে একটি মিটিং এ রয়েছেন।

মেহেরপুর সদর থানার তদন্ত অফিসার মেজবাহ উদ্দিন আহমেদ এ তথ্য নিশ্চিত কেরেছেন।

তিনি জানান, সন্ধ্যার দিকে হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা.মোখলেছুর রহমান নামাজে যাওয়ার সময় প্রথমে দরজা খোলা দেখে সেখানে গিয়ে চুরির ঘটনা জানতে পারেন।

চোরের দল টাকা ও মোবাইল ফোন নিয়ে গেলে ল্যাপটপ এবং ট্যাব নেননি। তার বেডরুমের উপর কিছু প্রয়োজনীয় কাগজপত্র ও পোশাক ছড়ানো ছিটানো ছিলো বলে জানান তিনি। এঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন বলে জানান ওসি তদন্ত।
তত্বাবধায়ক জমির মোহাম্মদ হাসিবুস সাত্তার খুলনাতে থাকায় তার বক্তব্য নেয়া সম্ভব হয়নি

মুজিবনগর যুব মহিলা লীগের উঠান বৈঠক অনুষ্ঠিত

প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন মানুষের মাঝে বিশেষ করে মহিলাদের মাঝে তুলে ধরার মাধ্যমে, শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে, আগামী নির্বাচনে মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনকে পুনরায় নির্বাচিত করার মাধ্য দিয়ে মেহেরপুর মুজিবনগরের উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে মুজিবনগর উপজেলায় ভবেরপাড়া গ্রামে উপজেলা যুব মহিলালীগের আয়োজনে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকেলে মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুনের সভাপতিত্বে এবং উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা তহমিনা খাতুনের সঞ্চালনায় এই উঠান বৈঠকে ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুরের নারী জাগরণের অগ্রদূত বাংলাদেশ আওয়ামী যুব মহিলা লীগের নির্বাহী সদস্য এবং জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনের সুযোগ্য সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলাম।

উপস্হিত ছিলেন, দারিয়াপুর ইউনিয়ন যুব মহিলালীগের সভাপতি শাহিনা খাতুন, মোনাখালী ইউনিয়ন যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক মরিয়ম খাতুন সহ বিভিন্ন ওয়ার্ড যুব মহিলালীগের সভাপতি সাধারণ সম্পাদক উপজেলা যুব মহিলা লীগের নেতাকর্মীবৃন্দ এবং বিপুল সংখ্যাক যুব মহিলা লীগের কর্মী ও সমর্থকবৃন্দ।

[redacted]

[redacted]

জয়রামপুর ইয়ুথ ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল বিন আহমদের ব্যবস্থাপনায় এসময় উপস্থিত ছিলেন, আমজাদ হোসেন, সাবেক ফুটবলার মুন্নাফ হোসেন, সামসুল আলম, গোলাম সরোয়ার ছোটো, আব্দুল মালেক, রাজীব, স্বপন , রাশেদুল ইসলাম রনি, হাফিজুর, আরিফ, নাজির, মুসা, হাসিবুল, সামসুল হক সহ ক্লাবের সকল সদস্য বৃন্দ সহ গণমান্য ব্যক্তিবর্গ।

ম্যাচটিতে রেফারির দায়িত্ব পালন করেন একরামুল হাসান নিপুন, সহকারী রেফারি ছিলেন আব্দুস সবুর ও তরিকুল ইসলাম আলো। ধারাভাষ্যে ছিলেন উদিয়মান ধারাভাষ্যকার শামীম খাঁন, রাশেদ ও আজমল।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা সাবেক ছাত্রলীগের সাধারণ সম্পাদক বাবুল হোসেন তরফদার নিশান। খেলাটি স্পন্সর করেছেন স্টুডেন্টস কর্ণার।

মেহেরপুরে এনজিও সংস্থা আরডিআরএস এর শাখা উদ্বোধন

মেহেরপুরে বেসরকারি উন্নয়ন সংস্থা (এনজিও) আরডিআরএস এর ২৮৩ তম শাখার উদ্বোধন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার মেহেরপুর শহরের কলেজ মোড়ে এনজিও’র ২৮৩ তম এই শাখাটি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন করেন সোনালী ব্যাংকের অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার তাওহিদুল আলম।

উদ্বোধন অনুষ্ঠানে বাংলাদেশ আরডিআরএস এর ডিভিশনাল ম্যানেজার মোঃ সাহাদুল হক সভাপতিত্ব করেন। সংস্থার আঞ্চলিক ব্যবস্থাপক মোঃ খোরশেদ আলম এর সঞ্চালনায় অনুষ্ঠিত উদ্বোধন অনুষ্ঠানে ভার্চ্যুয়ালি যুক্ত ছিলেন বাংলাদেশ আরডিআরএস প্রোগ্রাম হেড রবিন চন্দ্র মন্ডল।

এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর সরকারি উচ্চ

বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক আব্দুর রাজ্জাক, এনজিও ব্রাকের মেহেরপুর জেলা সমন্বয়ক মোঃ মনিরুল ইসলাম, ইউএনও অ্যাকাউন্টস মোঃ আশরাফ আলী, আরডিআরএস এর এলাকা ব্যবস্থাপক বিকাশ চন্দ্র রায়, মেহেরপুর শাখা ব্যবস্থাপক শংকর কুমার প্রমুখ।

এর আগে গত ৭ নভেম্বর মুজিবনগরে আরডিআরএস এর ২৮৪ তম শাখার শুভ উদ্বোধন করা হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে সংস্থার নিয়ম অনুযায়ী মেহেরপুর শাখার ৬ জন সদস্য ও মুজিবনগর শাখায় ৪ জন সদস্যকে ঋণ দেওয়া হয়েছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এর মুজিবনগর পরিদর্শন

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ মো: মশিউর রহমান মুজিবনগর পরিদর্শন করেছেন।

গতকাল মঙ্গলবার বিকেলে তিনি কুষ্টিয়া থেকে মুজিবনগরে এসে পৌঁছালে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। পরে তিনি মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে মুক্তিযুদ্ধের সকল শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করেন। স্বাধীনতার সূতিকাগার বাংলাদেশের প্রথম রাজধানী মুজিবনগরে মুক্তিযুদ্ধের ইতিহাস সম্বলিত বিভিন্ন স্থাপনা তিনি ঘুরে দেখেন।

এ সময় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডীন প্রফেসর ডঃ মোহাম্মদ নাসিরউদ্দীন জাতীয় বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রক বদরুজ্জামান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের তথ্য প্রযুক্তি দপ্তর এর পরিচালক মমিনুল ইসলাম, জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তরের পরিচালক রফিকুল আকবর তার সফর সঙ্গী ছিলেন।

পরিদর্শন শেষে আজ বুধবার কুষ্টিয়া দৌলতপুর কলেজে শিক্ষকদের